**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 25.04.25** **Desk in Charge: SDG**

**Time : 7-35 AM** **Compiling : S. Basu**

**DEO : KB** **NR : S. Basu**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-এ কেন্দ্রীয় সরকার যে পদক্ষেপই করুক না কেন, তাতে পূর্ণ সমর্থন রয়েছে বলে সর্বদল বৈঠকে বিরোধী দলগুলি জানিয়েছে।
# পহেলগাঁও-এ জঙ্গী হানাকে ‘ভারতের অন্তরাত্মার ওপর আঘাত’ বলে মন্তব্য করে প্রধানমন্ত্রী বলেছেন, ভারত প্রত্যেক সন্ত্রাসবাদী এবং সন্ত্রাসবাদে মদতদাতাদের খুঁজে বার করে শাস্তি দেবে।

২/ কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইয়ে শহীদ হয়েছেন, এরাজ্যের সেনা জওয়ান ঝন্টু আলি শেখ।

৩/ এবছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হচ্ছে আগামী দোসরা মে।

৪/ শুষ্ক বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় তাপপ্রবাহের কমলা সতর্কতা জারি হয়েছে। # তীব্র গরমে কাজ করতে গিয়ে শ্রমিকরা যাতে অসুস্থ হয়ে না পড়েন, সে জন্য বিশেষ ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার।

৫/ মহামেডান স্পোর্টিং, সুপার কাপ থেকে বিদায় নিয়েছে।

*******************************************************************

সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে কেন্দ্রীয় সরকার যে পদক্ষেপই করুক না কেন, তাতে পূর্ণ সমর্থন রয়েছে বলে বিরোধী দলগুলি জানিয়েছে। পেহেলগাও হামলা নিয়ে গতকাল দিল্লিতে সর্বদল বৈঠকের আয়োজন করা হয়।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহের সভাপতিত্বে সংসদ ভবনের ওই বৈঠকে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী শাহ, বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ, সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু এবং বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নড্ডা। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী এবং রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খড়্গেও ছিলেন ওই বৈঠকে।

উল্লেখ্য, ১৩ টি রাজনৈতিক দলের নেতারা ২ ঘণ্টা ধরে চলা এই বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু সাংবাদিকদের বলেন, প্রতিরক্ষামন্ত্রী, বৈঠকে উপস্থিত সকলকে পেহেলগাঁওয়ের ঘটনা এবং তারপর ভারত সরকারের গৃহীত পদক্ষেপ সম্পর্কে অবহিত করেছেন। কঠোর ব্যবস্থা গ্রহনে সরকারের সদিচ্ছার কথাও উল্লেখ করেন তিনি।

( বাইট- কিরেণ রিজিজু )

তৃণমূল কংগ্রেস নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, বৈঠকে নিরাপত্তা গাফিলতি নিয়ে আলোচনা হয়েছে। দেশের স্বার্থে সরকারের যেকোনো সিদ্ধান্তে তাদের সমর্থনের কথা জানান তিনি।

*****************

পহেলগাঁও-এ জঙ্গী হানাকে ‘ভারতের অন্তরাত্মার ওপর আঘাত’ বলে মন্তব্য করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত প্রত্যেক সন্ত্রাসবাদী এবং সন্ত্রাসবাদে মদতদাতাদের খুঁজে বার করে শাস্তি দেবে।

( বাইট- মোদী )

*****************

পহেলগাঁও-তে সন্ত্রাসবাদী হামলার যোগ্য জবাব দেওয়া হবে বলে, বিরোধী দলনেতা শুভেণ্ডন্দু অধিকারী মন্তব্য করেছেন। গতকাল বিধানসভার বাইরে সাংবাদিকদের কাছে তিনি বর্বোরোচিত এই হামলার তীব্র নিন্দা করেন। পরিকল্পিতভাবে কাশ্মীরে হিন্দু নিধনের অভিযোগ তুলেছেন তিনি।

( বাইট- শুভেন্দু ৭.৩৫ )

রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যেভাবে কাশ্মীরের ঘটনায় সেনার ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন, তার সমালোচনা করে শুভেন্দু বাবু বলেন, মমতা ব্যানার্জি কাঁচের ঘরে বসে ঢিল ছুঁড়ছেন। মুর্শিদাবাদে দু-জন হিন্দু নাগরিককে হত্যার সময়, পুলিশ সেখানে ছিল না কেন, সে প্রশ্ন'ও তুলেছেন তিনি। জঙ্গী হানায় নিহত বিতান অধিকারীর স্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে, প্রয়োজনীয় সবরকম সহযোগিতার আশ্বাস দেন তিনি।

পহেলগাঁও-তে বেছে বেছে হিন্দুদের হত্যার পেছনে দেশে সাম্প্রদায়িক অস্থিরতা সৃষ্টির প্রয়াস রয়েছে বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন।

( বাইট- সেলিম )

******************

পহেলগাঁওয়ে পর্যটকদের ওপর সন্ত্রাসবাদি হামলার প্রতিবাদে প্রদেশ কংগ্রেস গতকাল সন্ধ্যায় কলকাতায় প্রতিবাদ মিছিল করে। কালো ব্যাজ পরে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার ওই মিছিলের নেতৃত্ব দেন। উধমপুরে শহীদ সেনা জওয়ান ঝন্টু আলী শেখের প্রতিকৃতির সামনে মোমবাতি জ্বালিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

অন্যদিকে যুব তৃণমূল গতকাল কলকাতার কাঁকুড়গাছি থেকে বেলেঘাটার গান্ধীভবন পর্যন্ত মোমবাতি হাতে মৌন মিছিল করে। মিছিলে পা মেলান সাংসদ তথা যুব তৃণমূল সভাপতি সায়নী ঘোষ, বিধায়ক সুপ্তি পান্ডে প্রমুখ।

SUCI কমিউনিস্ট, কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা করেছে। দলের ৭৮-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে গতকাল কলকাতার শহীদ মিনারে আয়োজিত এক সভায় সাধারণ সম্পাদক প্রভাষ ঘোষ বলেন, এই ঘটনায় শুধু কাশ্মীরের অর্থনীতি ও পর্যটন শিল্পই নয়, সারা দেশের সম্প্রীতির পরিবেশও ক্ষতিগ্রস্ত হল। কেন্দ্রীয় সরকার এই

হামলার দায় অস্বীকার করতে পারে না বলেও তাঁর অভিযোগ। রাজ্যের তৃণমূল কংগ্রেস ধর্মের রাজনীতির পেছনে ছুটছে বলে প্রভাস বাবু মন্তব্য করেন।

******************

কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াইয়ে শহীদ হয়েছেন, এরাজ্যের এক সেনা জওয়ান। নদিয়ার তেহট্ট থানার পাথরঘাটার বাসিন্দা ঝন্টু আলি শেখ নামে ওই জওয়ান, ৬ নম্বর প্যারাস্যুট রেজিমেন্টের বিশেষ বাহিনীর সদস্য ছিলেন। ২০০৮-এ তিনি সামরিক বাহিনীতে যোগ দেন। সেনা বাহিনীর হোয়াইট নাইট কোর-এর পক্ষ থেকে জানানো হয়েছে, জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই-এর সময় ঝন্টুর দেহে গুলি লাগে। ঘটনাস্থলেই প্রাণ হারান তিনি।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল বিকেলে নিহত জওয়ানের পরিবারের সঙ্গে কথা বলেন।

CPIM-এর এক প্রতিনিধি দল গতকাল ঝন্টু শেখের বাড়িতে গিয়ে তাঁর বাবা সবুর আলি শেখের সঙ্গে দেখা করেন। দলে ছিলেন CPIM রাজ্য কমিটির সদস্য অলকেশ দাস প্রমুখ।

******************

পহেলগাঁও-তে জঙ্গী হামলার প্রেক্ষিতে উত্তেজনার মধ্যেই, সীমান্ত রক্ষী বাহিনী BSF-এর এক সেনা জওয়ানকে আটক করেছে পাক রেঞ্জার্স। পি কে সাউ নামে ওই জওয়ান, হুগলীর রিষড়ার বাসিন্দা বলে জানা গেছে।

গতকাল ভুলবশত তিনি ফিরোজপুর সীমান্তে পাক নিয়ন্ত্রিত এলাকায় ঢুকে পড়েন বলে জানা গেছে।

******************

সংশোধিত ওয়াকফ আইনের বিরুদ্ধে ‘অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল’বোর্ড’-কে, কলকাতার ব্রিগেড ময়দানে সমাবেশ করতে অনুমতি দিলনা কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ গতকাল এসংক্রান্ত শুনানিতে জানিয়েছেন, পহেলগাঁও-এর ঘটনার প্রেক্ষিতে আপাতত তিনদিন, মিটিং মিছিল, জমায়েত করা যাবে না।

তবে, সংগঠনটি চাইলে পরে নতুন করে মামলা দায়ের করতে পারে।

******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী রবিবার ২৭শে এপ্রিল, আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

এটি হবে মন-কি-বাত-এর ১২১ তম পর্ব। আকাশবাণী ও দূরদর্শনের সবকটি প্রচারতরঙ্গে এবং www.newsonair.com ওয়েবসাইটও মোবাইল অ্যাপেও বেলা ১১ টা থেকে মন-কি-বাত শোনা যাবে। এ আই আর, ডি ডি নিউজ, প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে তা শোনা যাবে।

হিন্দী ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় মন-কি-বাত সম্প্রচারিত হবে।

ঐদিন রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় তর্জমা পুনঃসম্প্রচারিত হবে।

******************

এ বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামী দোসরা মে। মধ্যশিক্ষা পর্ষদ গতকাল এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে। ঐদিন সকাল ন'টায় সাংবাদিক সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করবেন পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় । সকাল ৯ টা ৪৫ মিনিট থেকে ওয়েবসাইট ও মোবাইল অ্যাপে ফলাফল জানা যাবে। যে সমস্ত ওয়েবসাইটে ফলাফল জানা যাবে সেগুলি হল - www.wbbsedata.com, www.indiaresults.com, www.results.siksha, fastresult.in, www.edutips.in। এছাড়াও wbbse-app এও রেজাল্ট জানা যাবে।

সকাল ১০ টা থেকে পর্ষদের বিভিন্ন ক্যাম্প অফিস থেকে মার্কশিট ও শংসাপত্র দেওয়া হবে স্কুলগুলিকে।

উল্লেখ্য এ বছরের মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছিল গত ১০ ফেব্রুয়ারি। পরীক্ষা শেষ হয় ২২ ফেব্রুয়ারি।

******************

স্কুল সার্ভিস কমিশনের ভুলেই যোগ্যদের তালিকা থেকে বেশ কয়েকজন শিক্ষকের নাম বাদ গেছে। গতকাল এসএসসির চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে বৈঠকের পর যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের তরফে একথা জানানা, শিক্ষক চিন্ময় মন্ডল।

এসএসসি ১৫ হাজার ৪০৩ জন যোগ্য শিক্ষকের তালিকা পাঠিয়ে দিয়েছে। ওই তালিকায় বেশ কয়েকজন শিক্ষকের নাম নেই বলে অভিযোগ করেছেন যোগ্য শিক্ষকরা। এই ভুল সংশোধন করার আশ্বাস দিয়েছে কমিশন। যাদের নাম বাদ গেছে সেই সমস্ত যোগ্য শিক্ষকদের তথ্য খতিয়ে দেখে আবার ডি আই অফিসে তাদের নাম পাঠাবে কমিশন।

******************

বিদ্যুতের চাহিদা মেটাতে রাজ্য সরকার পুনর্নবীকরনযোগ্য শক্তি উৎস ব্যবহারের উপর বিশেষ জোর দিচ্ছে। সম্প্রতি রাজ্য মন্ত্রিসভার বৈঠকে একটি সৌর বিদ্যুৎ প্রকল্পের ছাড়পত্র দেওয়া হয়েছে।

একটি প্রতিবেদন-( ভিসি-  অভিরূপ )

******************

শুষ্ক বায়ুর প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় তাপপ্রবাহ চলছে।

পশ্চিম বর্ধমান বাঁকুড়া ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় জারি করা হয়েছে কমলা সতর্কতা। শনিবার পর্যন্ত ঘর্মাক্ত এবং অস্বস্তিকর আবহাওয়ার কোন পরিবর্তন হওয়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছেন, আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

( বাইট- সোমনাথ দত্ত )

******************

তীব্র গরমে কাজ করতে গিয়ে শ্রমিকরা যাতে অসুস্থ হয়ে না পড়েন সে জন্য বিশেষ ব্যবস্থা নিচ্ছে রাজ্য। কাজের সময় পরিবর্তন করার পরিকল্পনা চলছে। পর্যাপ্ত জল রাখা হচ্ছে কর্মস্থলে। কারখানার যে অংশে শ্রমিকরা নিয়মিত কাজ করেন, সেই জায়গা যাতে অতিরিক্ত গরম হয়ে না যায়, বায়ু চলাচল স্বাভাবিক থাকে সেই বিষয়ে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে। নির্মাণ শিল্প ও ইটভাটার শ্রমিকদের প্রতিও বিশেষভাবে নজর রাখা হচ্ছে।

*****************

মহামেডান স্পোর্টিং সুপার কাপ ফুটবল থেকে বিদায় নিয়েছে। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে গতকাল বিকেলে রাউন্ড অফ সিক্সটিনের ম্যাচে যাবে মহামেডান স্পোর্টিং ৬-০ গোলে নর্থ ইস্ট ইউনাইটেডের কাছে পরাজিত হয়ে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছে।

****************************************************************